# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১১১. বেশি হাসা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تُكْثِرُوْا الضَّحِكَ ؛ فَإِنَّ كَثْرَةَ الضَّحِكِ تُمِيْتُ الْقَلْبَ

“তোমরা বেশি হেসো না। কারণ, বেশি হাসলে একদা অন্তরখানা
নিস্তেজ প্রাণহীন হয়ে যায়”।[1]

বরং একজন মুসলমানের উচিৎ নিজের অপরাধ ও আল্লাহ্ তা’আলার
শাস্তির কথা মনে করে বেশি বেশি কান্না করা।

আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَوْ تَعْلَمُوْنَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيْلاً وَلَبَكَيْتُمْ كَثِيْرًا

“তোমরা যদি জানতে যা আমি জানি তা হলে তোমরা কম হাসতে এবং বেশি কান্না করতে”।[2]

বারা’ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমরা রাসূল (সা.) এর সঙ্গে জনৈক ব্যক্তির জানাযার নামায ও তার কাফনে-দাফনে অংশ গ্রহণ করলে তিনি তার কবরের পাশে বসে কাঁদতে কাঁদতে কবরের মাটি ভিজিয়ে ফেললেন। অতঃপর বললেন:

يَا إِخْوَانِيْ! لِمِثْلِ هَذَا فَأَعِدُّوْا

“হে আমার ভাইয়েরা! এমন জায়গা তথা কবরের জন্য প্রস্ত্তিতি নাও”।[3]

>

### ফুটনোট

[1] (তিরমিযী, হাদীস ২৩০৫ ইবনু মাজাহ্, হাদীস ৪২৬৮)

[2] (ইবনু মাজাহ্, হাদীস ৪২৬৬)

[3] (ইবনু মাজাহ্, হাদীস ৪২৭০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন